বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

মুজিব ১০০

উপজেলা পরিষদ
গোয়াইনঘাট, সিলেট
gowainghat.sylhet.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## ৫ম উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট এর ৩৫ (পঁয়ত্রিশ) তম সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।
তারিখ : ১৭ ফেব্রুয়ারি ২০২২ খ্রি.
সময় : বেলা ১১.০০ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, গোয়াইনঘাট
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট- ক
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট- খ

সভাপতি সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করেন। সভার কার্যপত্র মোতাবেক এবং উপস্থিত সদস্যগণের আলোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র. | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কার্যবিবরণীর বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং পাঠ শেষে তিনি অনুমোদনের প্রস্তাব করেন। | বিগত সভার কার্যবিবরণীতে কোনোরুপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার গৃহীত সকল সিদ্ধান্তের পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে দেখা যায়, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম চলমান ও সন্তোষজনক রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়ন ও সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান |
| ০৩ | কমিটির সুপারিশ সমূহ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | সভায় স্থায়ী কমিটি হতে প্রাপ্ত সুপারিশসমূহ বিস্তারিতভাবে পর্যালোচনা পূর্বক সুপারিশসমূহ যুক্তিযুক্ত হওয়ায় তা বাস্তবায়নে উপস্থিত সকলে একমত পোষণ করেন। ১৭টি স্থায়ী কমিটির সভা নিয়মিতভাবে আহ্বান পূর্বক সুপারিশ সমূহ সভায় উপস্থাপনের বিষয়ে সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিবগণকে অনুরোধ করা হয়। | স্থায়ী কমিটির সভাসমূহ বিধিমোতাবেক আয়োজন পূর্বক প্রয়োজনীয় সুপারিশ সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সদস্য সচিব |
| ০৪ | নিয়মিত রাজস্ব ব্যয় অনুমোদন | (ক) উপজেলা পরিষদ চেয়ারম্যান এর জানুয়ারি/২০২২ খ্রি. মাসের ১০,৬২৫/- টাকার ভ্রমণ ব্যয়, ভাইস চেয়ারম্যানের ৬৫০০/- টাকার ভ্রমণ ব্যয় এবং মহিলা ভাইস চেয়ারম্যান এর ৬৫০০/- টাকার ভ্রমণ ব্যয় ও ভ্রমণ বিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(খ) মাসিক সভা ও অন্যান্য সভার আপ্যায়ন ব্যয় বাবদ ৩০,০০০/- টাকা এবং অন্যান্য আনুষাঙ্গিক ব্যয় বাবদ- ৫,০০০/- টাকার বিল ভাউচার অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপস্থাপিত ভ্রমণ বিবরণী অনুসারে ভ্রমণ ব্যয়, আপ্যায়ন বিল ও অন্যান্য আনুষাঙ্গিক ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ০৫ | বিবিধ | (ক) উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় বলেন, কোভিড-১৯ পরিস্থিতির কারণে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আয় ক্রমাগত হ্রাস পাচ্ছে। যার ফলে উপজেলার উন্নয়নে প্রকল্প গ্রহণসহ উপজেলা কমপ্লেক্সের সৌন্দর্য্য বর্ধন ও অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন, উপজেলা প্রশাসনিক কমপ্লেক্সের ছাদে টিন লাগানো জরুরী। বর্ষার সময় বৃষ্টির পানি অফিসে প্রবেশের কারণে নথিপত্র নষ্ট হওয়াসহ অফিসের স্বাভাবিক কার্যক্রম পরিচালনা ব্যহত হয়। তিনি বলেন, উপজেলা কমপ্লেক্সের অভ্যন্তরে বসবাসরত পরিবারের ছেলেমেয়েদের বিনোদনের লক্ষ্যে আবাসিক এলাকার সৌন্দর্য্য বর্ধনসহ মেইন গেইট থেকে অফিস পর্যন্ত ডাবল লাইন আরসিসি রোড ও বিয়াম পর্যন্ত ইট | (ক) উপজেলা পরিষদ কমপ্লেক্সের সৌন্দর্য্য বর্ধন, বাউন্ডারি ওয়াল, অফিস কমপ্লেক্সের টিনের ছাউনি দেয়া, ড্রেইন নির্মাণসহ অন্যান্য স্কিম বাস্তবায়নের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সলিং করা জরুরী। চেয়ারম্যান, উপজেলা পরিষদ আলোচনায় অংশ নিয়ে বলেন, কমপ্লেক্সের পয়:নিস্কাশনে পরিষদের অভ্যন্তরে ৫০০ ফিট ড্রেইন নির্মাণ ও কমপ্লেক্সের বাউন্ডারি ওয়ালের পকেট গেইট ও ভাঙ্গা দেয়াল মেরামতে ৫০ ফিট বাউন্ডারি ওয়াল নির্মাণ করা জরুরী। | | |
| | | (খ) উপজেলা স্বাস্থ্য বিভাগের প্রতিনিধি সভায় বলেন, সরকারের সিদ্ধান্ত অনুযায়ী আগামী ২৬/০২/২০২২ তারিখের মধ্যে প্রাপ্যতা অনুসারে সকলকে ১ম ডোজ টিকার আওতায় আনা সিদ্ধান্ত প্রদান করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার এ বিষয়ে সভায় বলেন, সরকারের সিদ্ধান্ত অনুযায়ী আগামী ২৬ ফেব্রুয়ারি মধ্যে প্রাপ্য সকলের ১ম ডোজ নিশ্চিতকরণে বেশকিছু নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রতিটি ওয়ার্ডে এ বিষয়ে ব্যাপক প্রচারের নিমিত্ত ইউনিয়ন পরিষদ হতে মাইকিংসহ পোস্টার বিতরণ করা জরুরী। তিনি আরও বলেন, কওমি মাদ্রাসার ১২-১৮ বছর বয়সী সকল শিক্ষার্থীর ১ম ডোজ প্রদানের বিষয়টি নিশ্চিতকরণে ইতোমধ্যে সকল কার্যক্রম গ্রহন করা হয়েছে। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের প্রতিনিধি সভায় জানান, কওমি মাদ্রাসার সঠিক তালিকা না থাকায় কওমি মাদ্রাসার শিক্ষার্থীদের ভ্যাকসিন প্রদানের ক্ষেত্রে সকল ইউপি চেয়ারম্যানের সহযোগিতা প্রয়োজন। | (খ-১) ২৬/০২/২০২২ খ্রি. তারিখের মধ্যে টিকার ১ম ডোজ প্রদান নিশ্চিতকরণে ব্যাপক প্রচারণার অনুরোধ করা হয়।<br><br>(খ-২) কওমি মাদ্রাসার শিক্ষার্থীদের ভ্যাকসিন প্রদান কার্যক্রম বাস্তবায়নে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের সাথে সমন্বয় পূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল<br><br>চেয়ারম্যান সংশ্লিষ্ট সকল |
| | | (গ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, পরিসংখ্যান বিভাগের আওতায় ডিজিটাল প্রদ্ধতিতে আদমশুমারী শীঘ্রই আরম্ভ করা হবে। তিনি বলেন, আদমশুমারী মাঠ পর্যায়ে যাতে সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়ন করা হয় সেবিষয়ে জনপ্রতিনিধিদের সহযোগিতা একান্ত প্রয়োজন। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন, বুধিগাঁও এলাকাটি একটি হাওরের মধ্যেখানে হওয়ায় এই এলাকার লোকজন অনেক কষ্ট করে বার্কিপুর কমিউনিটি ক্লিনিক হতে চিকিৎসা সেবা নেয়। বুধিগাঁও হাওর এলাকায় একটি কমিউনিটি ক্লিনিক স্থাপন করা হলে এ এলাকার লোকজন উপকৃত হবে। চেয়ারম্যান, লেঙ্গুড়া ইউপি সভায় জনস্বাস্থ্য বিভাগের আওতায় পরিচালিত নিরাপদ ও সুপেয় পানি সরবরাহ প্রকল্পের কার্যক্রম লেঙ্গুড়া গ্রাম পর্যন্ত করার জন্য প্রস্তাব করেন। উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) এ বিষয়ে সভায় জানান, সুপেয় পানি সরবরাহের কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করা হবে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান, পশ্চিম জাফলং ইউনিয়নের দ্বেরিখাই বাগাবন্দ গ্রামটি প্রত্যয়ন্ত অঞ্চলে হওয়ায় এবং নিকটবর্তী কমিউনিটি ক্লিনিক দুরবর্তী হওয়ায় এখানে একটি কমিউনিটি ক্লিনিক জরুরী। | (গ-১) আদমশুমারী কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা প্রদানের অনুরোধ জানানো হয়।<br><br>(খ-২) প্রত্যন্ত অঞ্চলে চিকিৎসা সেবা নিশ্চিতে বুধিগাঁও হাওর ও দ্বেরিখাই বাগাবন্দ গ্রামসহ অন্যান্য চাহিদাকৃত এলাকায় কমিউনিটি ক্লিনিক স্থাপনের বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল<br><br>উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা |
| | | (ঘ) চেয়ারম্যান, ১নং রুস্তমপুর ইউপি সভায় বলেন, পাথর কোয়ারি বন্ধ থাকায় অনেক শ্রমিক বর্তমানে বেকার অবস্থায় রয়েছে। তিনি বলেন, এসকল শ্রমিকদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টি করা গেলে অনেকাংশে এ সমস্যা দুর করা যাবে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ এ বিষয়ে সভায় বলেন, ম্যানুয়াল পদ্ধতিতে পাথর উত্তোলনের বিষয়ে আদালতের অনুমতি গ্রহন করা হলে শ্রমিকেরা কাজ করে জীবিকা নির্বাহ করতে পারবে। পাথর উত্তোলনের সাথে জড়িত শ্রমিকদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে পর্যায়ক্রমে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। | (ঘ) পাথর উত্তোলনের সাথে সংশ্লিষ্টদের বিকল্প কর্মসংস্থানের মাধ্যমে পুনর্বাসনে প্রস্তাবনা গ্রহণের অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট সকল |
| | | (ঙ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, গোয়াইনঘাট উপজেলা হাওর বেষ্টিত উপজেলা হলেও এখানে হাওরের উন্নয়নে কোন প্রকল্প গ্রহন করা হয়নি। তিনি বলেন, হাওর উন্নয়ন সংক্রান্ত প্রকল্পের পরিচালক মহোদয়ের সাথে এ বিষয়ে আলোচনা হয়েছে এবং হাওর উন্নয়নে প্রকল্পের প্রস্তাবনা প্রেরণ করা হলে বরাদ্দ দেয়া হবে মর্মে মত | (ঙ-১) হাওর অঞ্চলের উন্নয়নে বাঁধ কাম রাস্তা নির্মানের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ হতে চাহিদা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রাপ্ত চাহিদা যাচাই-বাছাইয়ে আগামী ০১/০৩/২০২২ খ্রি. | চেয়ারম্যান সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ব্যক্ত করেছেন। সভায় উপস্থিত সকল চেয়ারম্যানগণ কে স্ব স্ব ইউনিয়নের হাওরের উন্নয়নে প্রকল্প প্রস্তাব দাখিলের জন্য অনুরোধ করেন। উপজেলা মৎস্য কর্মকর্তা আলোচনায় অংশ নিয়ে বলেন, উপজেলা পরিষদের ১টি পুকুর, মুক্তিযোদ্ধা মার্কেটের পিছনের ০১টি পুকুর ও বড় পুকুর ০১টি সংস্কারে প্রস্তাব পুনরায় জেলা অফিস হতে প্রেরণ করা হয়েছে। তিনি জানান, এ ৩টি পুকুরের পানি পরীক্ষা করার নিমিত্ত পত্র দেয়া হয়েছে। চেয়ারম্যান, ৪নং লেঙ্গুড়া ইউপি সভায় বলেন, বর্তমানে কর্মসৃজন কাজ বন্ধ থাকায় মাটি ভরাটের ক্ষেত্রে সমস্যা হচ্ছে। তিনি কর্মসৃজন কাজ পুনরায় চালুকরণের প্রস্তাব করেন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন, পরিষদের ব্যবহৃত জীপ গাড়ির বিভিন্ন যন্ত্রাংশ নষ্ট হয়ে যাওয়ায় গাড়ির বর্তমানে নানাবিধ সমস্যা দেখা দিচ্ছে। | সভা আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ঙ-২) গোয়াইনঘাট উপজেলায় কর্মসৃজন কাজ চালুকরণের বিষয়ে উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ঙ-৩) উপজেলা পরিষদের ব্যবহৃত জীপ গাড়ি মেরামত/প্রতিস্থাপনের লক্ষ্যে মোটরযান পরিদর্শক কর্তৃক পরিদর্শন পূর্বক প্রাক্কলন প্রস্তুতের সিদ্ধান্ত গৃহীত হয়। | <br><br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>উপজেলা নির্বাহী অফিসার |
| | | (চ) বনবিভাগের প্রতিনিধি সভায় জানান, ২০১৯-২০ অর্থ বছরে নাইন্দা ও তিতকুল্লি হাওরে ৩৫হেক্টর মুর্তা বাগান, ২০২০-২১ অর্থ বছরে রাতারগুল শিয়ালা হাওরে ২৫ হেক্টর, নিয়াগুল ও সতীর হাওরে ৫০ হেক্টর, ছদিবদি হাওর ও শিমুল বিল হাওরে ১০০ হেক্টর, জাফলং সেওলারটুক মৌজায় ১০০ হেক্টর, মুর্তা বাগান ও ফতেপুর এলাকায় ৮ হেক্টর স্ট্রীপ বাগান সৃজন করা হয়েছে। তিনি আরও জানান, ২০২১-২২ অর্থ বছরে গোয়াইনঘাট বিটের আওতায় বুধিরগাঁও হাওরে ৫০ হেক্টর, রাতারগুল বিটের শিমুল ঘোড়ামারা কান্দি হাওরে ৭৫ হেক্টর জমিতে মুর্তা বাগান ও লামাসাতাইন হাওরে ২০ হেক্টর উপযুক্ত প্রজাতির বাগান সৃজন করা হয়েছে। তাছাড়া জাফলং বিটের ছৈলাখেল ৩য় খন্ড মৌজার রহমতপুর ঠান্ডার বাড়ী এলাকায় জবরদখল উচ্ছেদ পূর্বক সংরক্ষিত বনভূমিতে ১০ হেক্টর শোভাবর্ধন বাগান সৃজন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। উপস্থিত সদস্যগণ এ বিষয়ে বন বিভাগের কার্যক্রম নিয়ে এলাকায় ব্যাপক অসন্তোষ রয়েছে। উপজেলা নির্বাহী অফিসার আলোচনায় অংশ নিয়ে বলেন, বন বিভাগের জমি সংক্রান্ত জটিলতা নিরসনে জরুরী ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। | (চ-১) বন বিভাগের আওতাধীন সকল জমিতে সঠিক বনায়ন নিশ্চিতে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(চ-২) বন বিভাগের জমি সংক্রান্ত জটিলতা নিরসনে এসকল জমি সরেজমিন পরিদর্শন পূর্বক বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(চ-৩) বন বিভাগের ৪ধারায় যেসকল জমি রয়েছে সেসকল জমি ২০ধারায় পরিবর্তনের উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | রেঞ্জার সারি-১<br><br>রেঞ্জার সারি-১<br><br>রেঞ্জার সারি-১ |
| | | (ছ) উপজেলা প্রকৌশলী, সভায় জানান, সালুটিকর বাজার-গোয়াইনঘাট জিসি রাস্তার ২৪৩৭, ১০০৮০, ১৪৩০৬ এবং ১৬৭১৬ মি. চেইনেজে বিধ্বস্থ কালভার্ট নিলাম এর মাধ্যমে অপসারণ করতে হবে। তিনি জানান, উপজেলা কমপ্লেক্সের গোয়াইন, ধানসিড়ি ভবনের সেপটি ট্যাংকি এবং সকওয়েল পরিস্কারকরণ বাবদ ৩০,৯৩৭/- (ত্রিশ হাজার নয়শত সাঁইত্রিশ) ব্যয় করা হয়েছে। উক্ত ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের প্রস্তাব করেন। চেয়ারম্যান, ২নং পশ্চিম জাফলং ও ৩নং পুর্ব জাফলং সভায় জানান, গোয়াইনঘাট-সোনারহাট রাস্তায় ও গোয়াইনঘাট-রাধানগর রাস্তায় ব্রীজের বিকল্প রাস্তা (ডাইভারশন) খুবই নিচু, যার প্রেক্ষিতে চলাচলে সমস্যা হচ্ছে এবং বৃষ্টির সময় পানিতে তলিয়ে যাওয়াসহ ভেঙ্গে যোগাযোগ ব্যবস্থা ব্যহত হওয়ার সম্ভাবনা রয়েছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ এ বিষয়ে বলেন, উক্ত ডাইভারশন ২টিতে বেইলি ব্রিজের পরিবর্তে আরসিসি রিং দেয়া হয়েছে। এতে করে বর্ষায় পানির স্বাভাবিক চলাচল ব্যহত হয়ে রাস্তা ভাঙনসহ নানাবিধ সমস্যা সৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে। | (ছ-১) প্রস্তাবিত বিধ্বস্ত ব্রিজ-কালভার্ট সমূহ দ্রুত বিধি মোতাবেক অপসারণ পূর্বক রাস্তার সংস্কার কাজ শুরু করার বিষয়ে উপজেলা প্রকৌশলী ব্যবস্থা নিবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ছ-২) মেরামত কাজের বিল বাবদ ৩০,৯৩৭/- (ত্রিশ হাজার নয়শত সাঁইত্রিশ) পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ছ-৩) বর্ণিত ২টি রাস্তার ডাইভারশন উচু ও মজবুত করে পানির স্বাভাবিক চলাচলের সুবিধার্থে বেইলি ব্রিজ নির্মাণের বিষয়ে ব্যবস্থা গ্রহনের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি<br><br>উপজেলা নির্বাহী অফিসার<br><br>উপজেলা প্রকৌশলী এলজিইডি |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে ও নিয়মিত সভায় যথাসময়ে উপস্থিত থাকার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Ahmed
26/02/22

(মোহাম্মদ ফারুক আহমদ)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
গোয়াইনঘাট, সিলেট।
uzpgowainghat.sylhet@gmail.com

স্মারক নং : ০৫.৪৬.৯১৪১.০০০.৪৭.০১২.১৯. ১১৭

তারিখ : ২৮-০২-২০২২ খ্রি.।

০০-০১। মাননীয় সংসদ সদস্য, ২৩২- সিলেট- ৪ ও মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০০-০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০০-০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০০-০৪। জেলা প্রশাসক, সিলেট।
০০-০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
০০-০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।
০০-০৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।
০৮-২২। উপজেলা ..................................................কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), গোয়াইনঘাট, সিলেট।
০০-২৩। অফিসার ইনচার্জ, গোয়াইনঘাট থানা, সিলেট।
২৪-৩৪। চেয়ারম্যান/প্রশাসক.........................................ইউ/পি (সকল), গোয়াইনঘাট, সিলেট।
৩৫-৪০। জনাব.....................................................গোয়াইনঘাট, সিলেট।

(তাহমিলুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
গোয়াইনঘাট, সিলেট।
ফোন- ০৮২২৮৫৬০০১
unogowainghatsyl@gmail.com